কোচাঁদপুর কৃষকের ৫ বিঘা কুমড়া গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

এক কৃষকের ৫ বিঘা ধরন্ত কুমড়া গাছ কেটে দিয়েছেন দুর্বৃত্তরা। এতে করে ১০ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে বলে দাবি করেছেন ভুক্তভোগী কৃষক শামীম হোসেন। এ ব্যাপারে শনিবার সকালে কোটচাঁদপুর থানায় ৭ জনের নামে অভিযোগ করেছেন ওই কৃষক।

ভুক্তভোগী শামীম হোসেন বলেন, উপজেলার সাবদারপুর রেলগেট সংলগ্ন মাঠে আমার ৫ বিঘা কুমড়ার চাষ ছিল। শুক্রবার গভীর রাতে আমার সেই কুমড়া ক্ষেত কেটে দেয়া হয়েছে। কুমড়া গাছ গুলো ছিল ফুলে ফলে ভরা। আমি ইতোমধ্যে বাজারে বিক্রি ও করেছি। গাছগুলো কেটে দেয়ায় আমার ১০ লাখ টাকার ক্ষতি সাধিত হয়েছে।

তবে আমার ধারনা কাম্প পাড়ার সোহাগ হোসেন, আবুল হোসেন, মানিক হোসেন,সুরুজ আলী, আনিচ হোসেন,জসিম উদ্দিন, নুরু মিয়ারা এ কাজটি করেছেন।

কারন উল্লেখ করে তিনি বলেন, তাদের সঙ্গে আমার পূর্ব শত্রুতা রয়েছে। তারা ছাড়া এ ক্ষতি কেউ করতে পারে না। শামীম আরো বলেন, খবর পেয়ে আমি তাদের প্রত্যেকের বাড়িতে গিয়েছি। এ সব নিয়ে কথা বললে,তারা আমাকে জীবন নাশের হুমকিও দিয়েছেন। আমি কোন উপায় না পেয়ে, কোটচাঁদপুর থানায় তাদের নামে অভিযোগ করেছি।

বিষয়টি নিয়ে আবুল হোসেন বলেন,সোহাগের সঙ্গে তাঁর গোলযোগ। সোহাগ শামীমের নামে মামলা করেছে। এ সবের জেরে হয়তো নিজেরা গাছ কেটে আমাদের ফাঁশানোর চেষ্টা করছে।

তিনি বলেন, গোল দুই দিন আগে আমারই ১০/১৫ টি কলা গাছ কেটে দিয়েছে কারা। আর আমরা কেন তাঁর গাছ কাটতে যাবো। এটা আমাদের জব্দ করার পরিকল্পনা তাঁর।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক হারুন অর রশিদ জানান,অভিযোগ হয়েছে। যেটি করেছেন সাবদারপুরের শামীম হোসেন। তাঁর ৫ বিঘা কুমড়া ক্ষেত কেটে দিয়েছেন বলে অভিযোগে তিনি উল্লেখ

□□□□□□□